ই-মেইল/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা
www.chicd.gov.bd

নথি নং- ৫-কাস(২০৮) কাস্টমস অটোমেশন/আইসিডি/২০২৩/ ৪৪৮৬ তারিখ: ২২/০৫/২০২৪ খ্রি.।

**বিষয় : IM-4 সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণ।**

সূত্র:
১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫ তারিখ: ১৫/০৫/২০২৪ খ্রি.।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯ তারিখ: ১৫/১০/২০২৩ খ্রি.।
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯ তারিখ: ২৯/১১/২০২৩ খ্রি.।
৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮ তারিখ: ২৫/০৩/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে https://bdcams.bdcustoms.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদনের নির্দেশনা রয়েছে। IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত ৩টি সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের বিষয়টি আগামী ১৯.০৬.২০২৪ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ অবস্থায়, সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে IM-4 সংশ্লিষ্ট কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। সকল স্টেকহোল্ডারগণকে উল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করার জন্য বলা হলো।

০৩। বিষয়টি সকল আমদানিকারক এবং আপনার এসোসিয়েশনের সদস্যভুক্ত সকল সিএন্ডএফ এজেন্টকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

Jobaida 22/05/2024

জোবায়দা খানম
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২-৯৩৩৩৮৪৩

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক,
ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।

নথি নং- ৫-কাস(২০৮) কাস্টমস অটোমেশন/আইসিডি/২০২৩/ তারিখ: /০৫/২০২৪ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতির জন্য ঃ
১। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
২। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ
১। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা। (তাঁকে উক্ত বিষয়টি সিস্টেমে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
৩। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
৪। পি এ টু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

জোবায়দা খানম
ডেপুটি কমিশনার

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
[কাস্টমস অটোমেশন শাখা]

নথি নম্বর: ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫ তারিখ: ১৫.০৫.২০২৪ খ্রি.

বিষয়: **আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা (IM4) ও আলোচনা সভা।**

সূত্র:
১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯; তারিখ: ১৫.১০.২০২৩ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯; তারিখ: ২৯.১১.২০২৩ খ্রি.;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮; তারিখ: ২৫.০৩.২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুল্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নির্দেশনা জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রদান করা হয়। সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে https://bdcams.bdcustoms.gov.bd ওয়েবসাইটটির মাধ্যমে আবেদনের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিতব্য পণ্যচালানের সিএন্ডএফ এজেন্ট মনোনীত করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারেন। কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দ্রুততম সময়ে অনলাইনের মাধ্যমেই এক্ষেত্রে সংযুক্তিকরণ সম্পাদন করা যায়। এছাড়া, সংযুক্তকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যায়।

২। সূত্রোক্ত ৩ নং পত্রের মাধ্যমে IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের সময়সীমা বিগত ১৬.০৪.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, উল্লেখযোগ্য সংখ্যক সিএন্ডএফ এজেন্টদেরকে এখনো অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ করা হয়নি। এমতাবস্থায়, আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টি উপরে উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে জরুরী বিবেচনায় সম্পাদন করার নিমিত্তে সংশ্লিষ্ট সকল আমদানিকারকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে, সংযুক্তিকরণের সময়সীমা **আগামী ১৯.০৬.২০২৪ খ্রি.** তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। **উল্লিখিত সময়ের পর সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কার্যক্রম গ্রহণ করতে পারবেন না।** উল্লেখ্য যে, IM-4 এর আওতায় আমদানিকারকগণ এ সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট বরাবর বর্ণিত ওয়েবসাইটের মাধ্যমে দাখিল করবেন এবং উক্ত দপ্তরসমূহে পদস্থ আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এ সংক্রান্ত প্রয়োজনীয় এন্ট্রি প্রদান করবেন।

৩। IM-4 এর আওতায় আমদানী পণ্যচালানে সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণ কাজের অগ্রগতি প্রতিসপ্তাহে (আগামী ২৩মে, ৩০ মে, ৬ জুন ও ১৩ জুন ২০২৪) জাতীয় রাজস্ব বোর্ডকে (নিম্নোক্ত ই-মেইলে) আবশ্যিক ভাবে জানাতে হবে। অর্জিত অগ্রগতি বিষয়ে আলোচনার উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানীত সদস্য (গ্রেড-১), কাস্টমস: নীতি ও আইসিটি জনাব মোঃ মাসুদ সাদিক এর সভাপতিত্বে আগামী ২৩-০৫-২০২৪খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় Zoom প্লাটফর্মে এক সভা অনুষ্ঠিত

হবে। উক্ত ভার্চুয়াল সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রয়োজনীয় উপাত্তসহ সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

Meeting ID : **951 3305 3668**
Password : **2024**

৪। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

১৫/০৫/২০২৪

[মো: আবদুল কাইয়ুম]
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)
ই-মেইল: ss.asycuda@gmail.com

**<u>প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও; [নামীয় খামে]

০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/ রাজশাহী/ রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম [নামীয় খামে]।

**<u>অনুলিপি:</u>**

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড;
২। জনাব গোলাম ছারোয়ার, প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।